

# ২ মাসের মধ্যে স্কুল ড্রেস, চলতি বছরেই শিক্ষার্থীদের জন্য মিড ডে মিল চালু

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৪ জুন ২০২৬, ১৩:৫২



ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. আনাম এহছানুল হক মিলন। ছবি: ভিডিও থেকে নেওয়া

বিদ্যালয়ে উপস্থিতি বাড়াতে এবং প্রাথমিক শিক্ষার্থীদের ঝরে পড়া কমাতে সরকার শিশুদের জন্য স্কুল ড্রেস ও মিড ডে মিল কর্মসূচি বাস্তবায়নের উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আনাম আহছানুল হক মিলন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বৃহস্পতিবার (৪ জুন) সকালে ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন।

বিগত সরকারের সময় শিক্ষার্থীদের ড্রপ আউটের পরিমাণ বেড়ে গিয়েছিলো, বর্তমান সরকার সবার আগে শিশুদের শিক্ষাকে গুরুত্ব দিচ্ছে উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, এক মিটিংয়ে “প্রধানমন্ত্রী বলেছিলেন আমি যখন ইংল্যান্ড ছিলাম আমার বাসার সামনে দিয়ে ছোট শিশুরা কি সুন্দর জুতা, মোজা, সুন্দর ড্রেস পড়ে ব্যাগ কাধে স্কুলে যায়। আমি শুধু চিন্তা করতাম কবে আমাদের দেশের শিশুদের এই ব্যবস্থা হবে।” ইনশাল্লাহ ব্যবস্থা হয়ে গিয়েছে। আপনারা আগামী দুই মাসের মধ্যেই দেখতে পাবেন আমরা সারা বাংলাদেশের শিশুদেরকে ড্রেসের ব্যবস্থা করেছি।’

চলতি বছরের মধ্যে সারাদেশে শিশুদের মিড ডে মিলের ব্যবস্থা করা হবে বলেও জানান শিক্ষামন্ত্রী।

শিক্ষামন্ত্রী বলেন, ‘শিক্ষাকে আনন্দময় করতে খেলাধুলাকে কারিকুলামে যুক্ত করা হবে, শিক্ষার্থীরা যাতে হাসতে হাসতে শিখতে পারে সেজন্য সকল পদক্ষেপ নিবে সরকার।’

শিক্ষামন্ত্রী আরও জানান, শিশুদের উন্নয়ন ও মানসম্মত শিক্ষা নিশ্চিতে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছেন প্রধানমন্ত্রী। সুশিক্ষা, খেলাধুলা ও সাংস্কৃতিক চর্চার মাধ্যমে একটি সুস্থ, দক্ষ ও যোগ্য প্রজন্ম গড়ে তুলতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। শিক্ষার্থীদের ড্রেসবিহীন রাখা হবে না এবং অবকাঠামোহীন শিক্ষাপ্রতিষ্ঠানও পর্যায়ক্রমে উন্নয়নের আওতায় আনা হবে।